বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

১৪/০৯/২০১৫ ইং
তারিখঃ-----------------
৩০ ভাদ্র ১৪২২ বাং

নির্দেশ বিজ্ঞপ্তি নং ঃ ৬২৯/১৫

সকল উপ-মহাব্যবস্থাপক/সকল সহকারী মহাব্যবস্থাপক/
বিভাগীয়/এরিয়া/আঞ্চলিক/কর্পোরেট শাখাসমূহ/
সকল শাখা ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ।

বিষয়ঃ "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" নামে একটি নতুন সঞ্চয়ী স্কীম চালুকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিদেশে অবস্থানকারী বিপুল সংখ্যক প্রবাসীদের উপার্জিত আয় থেকে আমানত সংগ্রহ করার জন্য ব্যাংকের প্রচলিত মুনাফা হারের চেয়ে কিছু অধিক মুনাফা ভিত্তিক নিম্নোক্ত সঞ্চয়ী স্কীম চালু করলে প্রবাসীরা যেমন সঞ্চয় গড়ে তুলতে উৎসাহিত হবে আবার তাদের নিকট থেকে সংগৃহীত আমানত অপার সম্ভবনাময় এ দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডে বিনিয়োগ করাও সম্ভব হবে। অন্যদিকে এই স্কীমের আওতায় খোলা হিসাব সমূহে মাসিক কিস্তির টাকা বৈদেশিক রেমিটেন্সের মাধ্যমে জমা হতে হবে বিধায় জনতা ব্যাংক লিমিটেড এর মাধ্যমে দেশে প্রেরিত বৈদেশিক রেমিটেন্সের পরিমান বৃদ্ধির পাশা-পাশি দেশের সামগ্রিক বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিতে ইতিবাচক প্রভাব পড়বে।

এ লক্ষ্যকে সামনে রেখে ৫ বছর মেয়াদী "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" চালু করা হল।

এ স্কীমের পরিচালন পদ্ধতি হবে নিম্নরুপ ঃ

১.০০ ঃ স্কীমের নাম ঃ অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)।

২.০০ ঃ হিসাব খোলার যোগ্যতা ঃ বিদেশে অবস্থান/কর্মরত ১৮ বৎসর বা তদূর্ধ বাংলাদেশী নাগরিক এ স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন।

৩.০০ ঃ হিসাবের মেয়াদকাল ঃ ৫ (পাঁচ) বৎসর।

৪.০০ ঃ মাসিক কিস্তির পরিমাণ ঃ বাংলাদেশী টাকায় ৩০০০/-, ৫০০০/-, ১০০০০/-, ১৫০০০/- এবং ২০০০০/- টাকা।

৫.০০ ঃ সুদের হার ঃ ৮.৫% সরল সুদ হারে আরোপযোগ্য।

৬.০০ ঃ হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী ঃ

৬.১. হিসাব খোলার সময় হিসাব খোলার ফরমে আমানতকারীকে তার যথাযথ পরিচিতি প্রদান করতে হবে। অত্র ব্যাংকের মনোনীত প্রতিনিধি/ইও বা তদুর্দ্ধ কর্মকর্তা/শাখার সুপরিচিত গ্রাহক(নমুনা স্বাক্ষর কার্ড ব্যতিত)/বাংলাদেশ দুতাবাসের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক গ্রাহকের স্বাক্ষর, তিন কপি ছবি, পাসপোর্টের ১ম সাত পাতার ফটোকপি এবং নমুনা স্বাক্ষর কার্ডে গ্রাহকের স্বাক্ষরসহ সমুদয় কাগজপত্রাদি সত্যায়িত করে প্রেরণ করতে হবে।

৬.২. হিসাব খোলার ফরম, নমুনা স্বাক্ষর কার্ড ও পাসপোর্টের স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬.৩. হিসাব খোলার সময় অবশ্যই নমিনী মনোনীত করতে হবে। কোন অবস্থাতেই নমিনীবিহীন হিসাব খোলা যাবে না। গ্রাহক কর্তৃক মনোনীত নমিনীর ২ কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৬.৪. সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

৬.৫. হিসাবটি চেকবিহীন হবে।

৬.৬. হিসাব খোলার সময় হিসাবধারীকে মেয়াদপূর্তিতে এককালীন/পেনশন কোন ধরণের সুবিধা গ্রহণ করবেন তার স্পষ্ট ঘোষণা থাকতে হবে।

৬.৭. কিস্তি বৈদেশিক রেমিট্যান্স এর মাধ্যমে জমা হতে হবে (সংশ্লিষ্ট বিষয়ে শাখা ব্যবস্থাপককে নিশ্চিত হতে হবে)। হিসাবটির মেয়াদ তিন বছর অতিক্রান্ত হওয়ার পর যদি কোন হিসাবধারী অসুস্থতা, ভিসা জটিলতা ইত্যাদি যৌক্তিক কারণে দেশে অবস্থান করে এক্ষেত্রে রেমিট্যেন্স ছাড়াও কিস্তির টাকা জমা নেওয়া যাবে।

৬.৮. প্রতি মাসের কিস্তি ঐ মাসের মধ্যে জমা হতে হবে। কিস্তির টাকা অগ্রিম জমা করা যাবে তবে অগ্রিম জমার জন্য সুদ প্রদান করা হবে না।

৬.৯. অনিবাসী গ্রাহক এর ব্যক্তিগত সঞ্চয়ী হিসাব একই শাখায় হতে হবে এবং ঐ হিসাবের মাধ্যমে রেমিট্যেন্স প্রেরণ করতে হবে। উক্ত সঞ্চয়ী হিসাব হতে নিয়মিত/সময়মত অনিবাসী পেনশন স্কীমে টাকা স্থানান্তরের ব্যাপারে প্রয়োজনীয় Standing Instruction হিসাব খোলার সময়ই হিসাবধারীর নিকট থেকে গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বদলীকরণ ফি প্রযোজ্য নয়।

৬.১০. গ্রাহকের মৃত্যুজনিত কারণে হিসাবটি বন্ধ করা হলে গ্রাহকের মৃত্যুর পূর্বদিন পর্যন্ত হিসাবের স্থিতি যথাযথ নিয়ম অনুসরণ করে তার মনোনীত নমিনিকে প্রদান করতে হবে।

৬.১১. কোন নাবালক/নাবালিকা অথবা যুগ্ম নামে এই স্কীমের আওতায় হিসাব খোলা যাবে না।

৬.১২. এই স্কীমের আওতায় খোলা হিসাব কোন অবস্থাতেই এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তর করা যাবে না।

৭.০০ ঃ সুদের প্রভিশন ঃ বার্ষিক ৮.৫০% সরল সুদ হারে। প্রতিটি হিসাবে বার্ষিক ভিত্তিতে প্রতি ডিসেম্বর মাসে সুদ প্রদেয় হবে। মাসিক ভিত্তিতে যথাযথভাবে প্রদেয় সুদের Provision রাখতে হবে। ইহার কোনরুপ ব্যত্যয় প্রত্যক্ষ হলে তার জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক দায়ী হবেন।

চলমান পাতা-০২

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

বিষয়ঃ "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" নামে একটি নতুন সঞ্চয়ী স্কীম চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

৮.০০ ঃ নমিনী মনোনয়ন ঃ

৮.১. আমানতকারীকে তদীয় হিসাবের একজন নমিনি নিযুক্ত করতে হবে। অপ্রাপ্ত বয়স্ককেও নমিনী করা যাবে।

৮.২. আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোয়ন বাতিল মর্মে গণ্য হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী অর্থ প্রাপ্য হবেন। এই ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহনের প্রয়োজন হবে না এবং বিষয়টি শাখা পর্যায়েই নিস্পত্তিযোগ্য হবে।

৮.৩. নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে :

ক. নমিনী মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র।

খ. হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।

গ. নমিনী অথবা মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

ঘ. নমিনী অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকুলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড।

৯.০০ ঃ মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে ঃ গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধান বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এইরূপ ক্ষেত্রে নিমোক্ত নিয়মাবলী পরিপালনযোগ্য হবে ঃ

৯.১. হিসাব খোলার এক বৎসর পর্যন্ত সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক কেবলমাত্র জমাকৃত মূল অর্থ ফেরৎ পাবেন।

৯.২. হিসাবের মেয়াদ এক বৎসরের অধিক কিন্তু তিন বৎসর হলে গ্রাহক ৫% হারে সরল সুদসহ (প্রযোজ্য কর্তন বাদে) জমাকৃত আসল টাকা ফেরৎ পাবেন।

৯.৩. হিসাবের মেয়াদ তিন বৎসরের অধিক হলে গ্রাহক ৬% হারে সরল সুদসহ (প্রযোজ্য কর্তন বাদে) জমাকৃত আসল টাকা ফেরৎ পাবেন।

১০.০০ ঃ স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া ও পুন:চালুকরন ঃ হিসাবের প্রতি মাসের কিস্তি ঐ মাসের মধ্যে গ্রাহক কর্তৃক জমাদান করা না হলে পরবর্তী মাসে নিম্নোক্ত হারে পুনঃ চালুকরণ ফি প্রদান সাপেক্ষে হিসাবটি চালু রাখা যাবে ঃ

মাসিক কিস্তির পরিমান	মাসিক জরিমানার পরিমান
৩০০০ টাকা কিস্তির ক্ষেত্রে	৩০ টাকা।
৫০০০ টাকা কিস্তির ক্ষেত্রে	৫০ টাকা।
১০০০০ টাকা কিস্তির ক্ষেত্রে	১০০ টাকা।
১৫০০০ টাকা কিস্তির ক্ষেত্রে	১৫০ টাকা।
২০০০০ টাকা কিস্তির ক্ষেত্রে	২০০ টাকা।

কিস্তি খেলাপীর সংখ্যা ৬ মাসের অধিক হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হবে তবে গ্রাহক কিস্তি জমা না হওয়ার গ্রহনযোগ্য কারন দেখিয়ে হিসাবটি পুনঃ চালু করার আবেদন জানালে এবং ৭ম মাসের কিস্তির সাথে খেলাপী কিস্তিসমুহের টাকা ৮.৫০% সরল সুদ হারে জরিমানাসহ জমা করলে হিসাবটি পুনঃ চালু করা যাবে।

এরূপ বন্ধকৃত হিসাবের ক্ষেত্রে সর্বশেষ কিস্তির অর্থ জমাদানের তারিখ পর্যন্ত ৯ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী জমাকৃত অর্থ ফেরৎ পাবেন। হিসাব বন্ধের এক মাসের মধ্যে সংশ্লিষ্ট গ্রাহককে অবহিতকরণ পূর্বক হিসাবের স্থিতি পে-স্লিপ/গ্রাহকের সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে।

১১.০০ ঃ মেয়াদ পূর্তিতে এককালীন পরিশোধ/পেনশন পদ্ধতি ঃ

হিসাব খোলার সময়কার ঘোষণা অনুযায়ী মেয়াদ পূর্তিতে হিসাবধারী সুদ আসলসহ নিম্নেবর্ণিত (ক) নং ছকের ৮ নং কলামে উল্লেখিত পরিমান অর্থ এককালীন প্রাপ্য হবেন এবং বর্ণিত (খ) নং ছকের ৮ নং কলামে উল্লেখিত পরিমান অর্থ মেয়াদপূর্তির পরবর্তী ৫ বছর মাসিক ভিত্তিতে পেনশন হিসাবে প্রাপ্য হবেন।

ক) পাঁচ বছর পর এককালীন প্রদেয় টাকার পরিমাণ ঃ-

ক্রমঃ	স্কীমের মেয়াদ	মাসিক কিস্তির পরিমান	৫ বছরে মোট জমাকৃত কিস্তির পরিমান	প্রদেয় সুদের পরিমান	উৎসে কর (১০%)	আবগারী শুল্ক	মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমান
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	০৫ বৎসর	৩০০০	১৮০০০০	৩৮৮৮৭	৩৮৮৯	১৭৫০	২১৩২৪৮
০২	০৫ বৎসর	৫০০০	৩০০০০০	৬৪৮১২	৬৪৮১	১৭৫০	৩৫৬৫৮১
০৩	০৫ বৎসর	১০০০০	৬০০০০০	১২৯৬২৫	১২৯৬৩	১৭৫০	৭১৪৯১৩
০৪	০৫ বৎসর	১৫০০০	৯০০০০০	১৯৪৪৩৭	১৯৪৪৪	১৭৫০	১০৭৩২৪৩
০৫	০৫ বৎসর	২০০০০	১২০০০০০	২৫৯২৫০	২৫৯২৫	১৭৫০	১৪৩১৫৭৫

চলমান পাতা-০৩

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

বিষয়ঃ "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" নামে একটি নতুন সঞ্চয়ী স্কীম চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

খ) মেয়াদপূর্তিতে প্রদেয় পেনশন ঃ-

ক্রমঃ	স্কীমের মেয়াদ	মাসিক কিস্তির পরিমাণ	আসল টাকার পরিমাণ	প্রদেয় সুদের পরিমান	উৎসে কর (১০%)	আবগারী শুল্ক	মেয়াদান্তে প্রদেয় পেনশন
১	২	৩	৫	৬	৬	৭	৮
০১	০৫ বৎসর	৩০০০	৩৫৫৪	৭৬৮	৭৭	৩০	৫২১৫
০২	০৫ বৎসর	৫০০০	৫৯৪৩	১২৮৪	১২৮	৩০	৭০৬৯
০৩	০৫ বৎসর	১০০০০	১১৮৮৬	২৫৬৮	২৫৭	৩০	১৪১৬৭
০৪	০৫ বৎসর	১৫০০০	১৭৮২৯	৩৮৫২	৩৮৫	৩০	২১২৬৬
০৫	০৫ বৎসর	২০০০০	২৩৭৭২	৫১৩৬	৫১৪	৩০	২৮৩৬৪

১২.০০ ঃ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান ঃ হিসাবধারী ইচ্ছাকরলে তদীয় হিসাবের স্থিতি লিয়েন পূর্বক ঋণ গ্রহণ করতে পারবেন। এই ক্ষেত্রেঃ

১২.১. সংশ্লিষ্ট হিসাবের মেয়াদ ঃ কমপক্ষে এক বৎসর পূর্ণ হতে হবে।

১২.২. ঋণ সীমা ঃ হিসাবের নিজস্ব জমার সর্বোচ্চ ৯০%।

১২.৩. ঋণের সময়কাল ঃ লোন-২ বৎসর, ওভার ড্রাফট ১২ (বার) মাস, তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদের মধ্যে ওভার ড্রাফট নবায়নযোগ্য-এক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলী প্রযোজ্য হবে।

১২.৪. ঋণের প্রকৃতি ঃ লোন (সাধারণ)/ওভার ড্রাফট।

১২.৫. ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ কেবলমাত্র চালু এবং হালনাগাদ নিয়মিত কিস্তি পরিশোধিত হিসাবের ক্ষেত্রে এ ধরণের ঋণ মঞ্জুর করা যাবে।

১২.৬. মঞ্জুরীর ক্ষমতা ঃ প্রচলিত ঋণ মঞ্জুরী বিধি অনুসারে শাখা প্রধান।

১২.৭. সুদের হার ঃ হিসাবের সুদের হারের ৩% উর্দ্ধে।

১২.৮. পরিশোধ পদ্ধতি লোনের ক্ষেত্রে ঃ লোনের ক্ষেত্রে মাসিক কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। তবে পরপর দুই কিস্তি খেলাপী হলে "অনিবাসী পেনশন স্কীম" হিসাবটি বন্ধ করে (৮ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী) লোন হিসাবটি সমন্বয় করতে হবে।

১২.৯. পরিশোধ পদ্ধতি ওভার ড্রাফট এর ক্ষেত্রে ঃ ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলী প্রযোজ্য হবে। তবে এই ধরণের ওভার ড্রাফট শ্রেণীকৃত হতে পারবে না। এ ধরণের সম্ভাবনা দেখা দিলে "অনিবাসী পেনশন স্কীম" হিসাবটি বন্ধ করে (৮ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী) ওভার ড্রাফট হিসাবটি সমন্বয় করতে হবে।

১২.১০. দলিল পত্রাদি ঃ লোন (জেনারেল)/ওভার ড্রাফট এর ক্ষেত্রে প্রযোজ্য দলিল পত্রাদি।

১৩.০০ ঃ বিশেষ নির্দেশাবলী ঃ

১৩.১. হিসাবধারীর মৃত্যুর পর নমিনী কর্তৃক হিসাবে কিস্তির অর্থ জমাদানপূর্বক হিসাব অব্যাহত রাখা যাবে না।

১৩.২. হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না।

১৩.৩. হিসাবের মেয়াদ শেষ হওয়ার পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে মনোনীত নমিনী ৬.১০ নং অনুচ্ছেদের বর্ণণা অনুযায়ী স্থিতি প্রাপ্য হবে।

১৩.৪. কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণ ভাবে পরিশোধের পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করিলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট মনোনীত নমিনীকে প্রদেয় হবে।

১৩.৫. এই স্কীমের সুদের হার এবং মেয়াদসহ এতদসংক্রান্ত যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন করার অধিকার জনতা ব্যাংক লিঃ কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

১৪.০০ ঃ হিসাব খোলা ও পরিচালনার জন্য ফরম, স্বাক্ষর কার্ড ও পাশবই এর ব্যবহার ঃ

১৪.১. বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত অভিন্ন হিসাব খোলার ফরম এই সঞ্চয় প্রকল্প পরিচালনার জন্য ব্যবহৃত হবে।

১৪.২. নতুন সরবরাহ না পাওয়া পর্যন্ত অন্যান্য স্কীমের ক্ষেত্রে ব্যবহৃত নমুনা স্বাক্ষর কার্ড এবং জমা স্লিপ (পে-ইন-স্লিপ) উক্ত স্কীমের নাম সম্বলিত সীল ব্যবহার করে এই সঞ্চয় স্কীম পরিচালনার ক্ষেত্রে ব্যবহৃত হবে।

১৪.৩. জেনারেল লেজারে Capital and Liability খাতের আওতায় (Non-Resident Pension Scheme, (NRPS) উপখাতের কোড নং ১২১০২০১০৬১ নামে একটি এবং সুদ প্রদানের জন্য Expenditure খাতের আওতায় Expenditure A/C Interest on Non-Resident Pension Scheme, NRPS উপ খাতের কোড নং ১২৪০১০১০৬১ নামে ব্যয় লেজারে একটি খাত সৃষ্টি করতে হবে।

১৪.৪. অন্যান্য সুদবাহী সঞ্চয়ী হিসাবের ন্যায় এই সঞ্চয় স্কীমের ক্ষেত্রেও মাসিক ভিত্তিতে সুদের প্রভিশন রাখতে হবে।

১৪.৫. মাসিক ভিত্তিতে হিসাবের ব্যালেন্স করতে হবে।

চলমান পাতা-০৪

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

বিষয়ঃ "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" নামে একটি নতুন সঞ্চয়ী স্কীম চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

১৫.০০ ঃ হিসাবের প্রতিবেদন প্রেরণ ঃ "অনিবাসী পেনশন স্কীম (NRPS)" স্কীমের আওতায় খোলা হিসাবের সংখ্যা এবং টাকার পরিমাণ উল্লেখ পূর্বক নিম্নের ছকে একটি প্রতিবেদন প্রণয়ন করে শাখাসমূহ উক্ত প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী আঞ্চলিক কার্যালয়/এরিয়া অফিসে প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয়/এরিয়া অফিসগুলি তাদের অঞ্চলাধীন শাখাসমূহ হতে প্রাপ্ত বিবরণী একীভূত করে ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় সমূহ তাদের নিয়ন্ত্রণাধীন অফিসসমূহ হতে প্রাপ্ত বিবরণীসমূহ একীভূত করে একটি বিবরণী ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট এ প্রেরণ করবে।

ছক

জনতা ব্যাংক লিমিটেড

বিভাগীয়/এরিয়া/শাখা .... মাসের "অনিবাসী পেনশন স্কীম (NRPS)" স্কীমের আওতায় খোলা হিসাবের বিবরণী।

ক্রমঃ	পূর্ববর্তী মাস পর্যন্ত খোলা হিসাবের সংখ্যা	চলতি মাসে খোলা হিসাবের সংখ্যা	চলতি মাসে বন্ধ হিসাবের সংখ্যা	শুরু হতে চলতি মাস পর্যন্ত মোট হিসাবের সংখ্যা	হিসাব সমূহের মোট স্থিতি (হাজার টাকায়)
১	২	৩	৪	৫	৬

১৬.০০ ঃ শাখা সমূহ এ সঞ্চয় প্রকল্পের আওতায় বিশেষ সুবিধা সমূহ উল্লেখ করে হিসাব খোলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করবে এবং স্বল্পসময়ে সর্বোচ্চ সংখ্যক হিসাব খোলার লক্ষ্যমাত্রা গ্রহণ করবে।

১৭.০০ ঃ সরকারী নিয়মানুসারে আয়কর, উৎসেকর এবং আবগারী শুল্ক আমানতকারীর হিসাব হতে কর্তন করা হবে।

১৮.০০ ঃ এই স্কীমের আওতায় হিসাব খোলার কার্যক্রম সার্কুলার জারীর তারিখ হতে আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

এমতাবস্থায়, "অনিবাসী পেনশন স্কীম (Non-Resident Pension Scheme, NRPS)" এর আওতায় হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত,

(এ.কে.এম নূরুল আলম)
উপ-মহাব্যবস্থাপক

(নেছার উদ্দিন আহম্মেদ) ২৪/০২/১২
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

১। কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পি এস টু সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক/উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কর্যালয়/জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা এবং বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর, ঢাকা-দক্ষিণ, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর, বরিশাল, কুমিল্লা ও ময়মনসিংহ।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক,জনতা ব্যাংক লিমিটেড,এরিয়া অফিস, বিভাগীয় কার্যালয়, প্রধান কার্যালয়,ঢাকা।
৫। চীফ এক্সিকিউটিভ, জনতা ব্যাংক লিমিটেড, আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত।
৬। এমডি, জনতা এক্সচেঞ্জ কোম্পানী, এসআরএল, রোম ইতালী।
৭। নথি।